

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯৭৩

খোয়াই, ২৯ নভেম্বর, ২০২৪

খোয়াই জেলাভিত্তিক বিদ্যাফেস্ট'র উদ্বোধন
রাজ্যের ঐতিহ্যময় কৃষ্টি ও সংস্কৃতির বিকাশে সরকার অগ্রাধিকার দিয়েছে : বনমন্ত্রী

খোয়াইয়ের নতুন টাউনহলে আজ থেকে শুরু হয়েছে ৪ দিনব্যাপী জেলাভিত্তিক বিদ্যাফেস্ট। ডিস্ট্রিক্ট লেভেল বিদ্যাফেস্ট অর্গানাইজিং কমিটির উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ৪ দিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা। জেলাভিত্তিক বিদ্যাফেস্টের উদ্বোধন করে বনমন্ত্রী বলেন, রাজ্যের ঐতিহ্যময় কৃষ্টি ও সংস্কৃতির বিকাশে সরকার অগ্রাধিকার দিয়েছে। রাজ্যের ঐতিহ্যময় কৃষ্টি ও সংস্কৃতির পরম্পরা সম্পর্কে বর্তমান প্রজন্মকে অবহিত করতে হবে। তিনি বলেন, ছাত্রছাত্রীদের প্রকৃত শিক্ষায় শিক্ষিত করে প্রতিষ্ঠিত হতে হবে। দেশের ও মানুষের কল্যাণে ছাত্রছাত্রীদের এগিয়ে আসতে হবে। ছাত্রছাত্রীরা যাতে কিছু শিখতে পারে এজন্য তাদের গুণগত শিক্ষায় শিক্ষিত করে তুলতে তিনি শিক্ষকদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, কৃষ্টি ও সংস্কৃতি আমাদের সম্পদ। অনুষ্ঠানে খোয়াই জিলা পরিষদের সভাপতি অপর্ণা সিংহরায় (দত্ত) বলেন, সরকার রাজ্যের সার্বিক উন্নয়নের পাশাপাশি শিক্ষার পরিকাঠামো উন্নয়নে কাজ করছে। ছাত্রছাত্রীদের গুণগত শিক্ষা প্রদান করার মধ্যদিয়ে শিক্ষার মানকে আরও বিকশিত করে তোলার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন খোয়াই জেলার জেলাশাসক চাঁন্দনী চন্দ্রন। সভাপতিত্ব করেন খোয়াই মহকুমার মহকুমা শাসক চারু ভাৰ্মা।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পদাধী দীপা কর্মকার, অতিরিক্ত জেলাশাসক সুমিত কুমার পাণ্ডে, শচীন দেববর্মা মেমোরিয়াল গভ: মিউজিক কলেজের প্রিন্সিপাল ড. মনিকা দাস, জেলা শিক্ষা আধিকারিক দীনেশ দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ দেশাত্মবোধক সংগীত ও নৃত্য পরিবেশন করে। অনুষ্ঠানে বাল্যবিবাহ সম্পর্কিত সচেতনতামূলক একটি তথ্যচিত্র প্রদর্শিত হয়। জেলাভিত্তিক বিদ্যাফেস্ট খোয়াই জেলার ১২টি বিদ্যাজ্যোতি বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সংগীত, নৃত্য, নাটক, রচনা লিখন, আর্ট, মিউজিক, যোগা, রঙ্গোলী, কবিতা সহ ২৮টি ইভেন্টে অংশ নেবে। আগামী ২ ডিসেম্বর তেলিয়ামুড়া টাউনহলে ৪ দিনব্যাপী বিদ্যাফেস্টের সমাপ্তি অনুষ্ঠানের আয়োজন করা হবে। জেলাভিত্তিক বিদ্যাফেস্ট উপলক্ষে টাউনহল প্রাঙ্গণে ১২টি প্রদর্শনী স্টল খোলা হয়েছে।
